

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৪৫২৮

উদয়পুর, ৯ মার্চ, ২০১৯

আঠারভোলা গড়িয়া একাডেমির উপজাতি ছাত্রাবাসের উদ্বোধন

আজ এক অনুষ্ঠানের মধ্য দিয়ে কিঞ্জা ব্লকের অন্তর্গত আঠারভোলা গড়িয়া একাডেমি(মডেল) স্কুলের ২০০ আসন বিশিষ্ট উপজাতি ছাত্রাবাসের উদ্বোধন করেন উপজাতি কল্যাণ দপ্তরের মন্ত্রী মেবার কুমার জমাতিয়া। উদ্বোধনী ভাষণে ছাত্রছাত্রীদের উদ্দেশ্যে তিনি বলেন জীবনে প্রতিষ্ঠিত হতে গেলে নির্দিষ্ট লক্ষ্য নিয়ে এগোতে হয়। নির্দিষ্ট লক্ষ্যে পৌঁছার একমাত্র মাধ্যম হল গুণগত শিক্ষা। শিক্ষাই পারে প্রতিটি মানুষকে তার অভিষ্ট লক্ষ্যে পৌঁছে দিতে। তিনি আরও বলেন বর্তমান যুগ হচ্ছে প্রতিযোগিতার যুগ। প্রতিদিন প্রতিযোগিতার পদ্ধতি পরিবর্তিত হচ্ছে। এই প্রতিযোগিতায় টিকে থাকার জন্যে গুণগত শিক্ষায় শিক্ষিত হওয়া একান্ত জরুরী। তাই রাজ্য সরকার শিক্ষার মানোন্নয়নে জোর দিচ্ছে। ছাত্রছাত্রীদের বিনামূল্যে পাঠ্য বই, বিদ্যালয়ের পোষাক দেওয়া হচ্ছে। কেন্দ্রীয় সরকারের ঘোষিত শিক্ষা সম্পর্কিত বিভিন্ন প্রকল্পের সফল বাস্তবায়ন করা হচ্ছে। এই প্রকল্পগুলির সুযোগ গ্রহন করতে তিনি ছাত্রছাত্রী সহ সংশ্লিষ্ট সবার প্রতি আহ্বান জানান।

অনুষ্ঠানের বিশেষ অতিথি বিধায়ক রামপদ জমাতিয়া তাঁর ভাষণে এই বিদ্যালয়ের প্রেক্ষাপট তুলে ধরেন। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন এম ডি সি জয়কিশোর জমাতিয়া, হদা অক্রা পুলিন্দ্র কুমার জমাতিয়া, পদুলীলা জমাতিয়া প্রমুখ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বাবা গড়িয়া মিশনের সভাপতি ত্রিপুরা কুমার জমাতিয়া। উল্লেখ্য, কেন্দ্রীয় প্রকল্পে নির্মিত এই উপজাতি ছাত্রাবাসটির জন্য বরাদ্দ হয়েছে ৪ কোটি ৯৫ লক্ষ টাকা। এর মধ্যে ২ কোটি ২০ লক্ষ টাকা ব্যয়ে বর্তমান ভবনটি নির্মিত হয়েছে, অবশিষ্ট কাজ চলেছে।

\*\*\*\*\*